

JUDICIAL ACTIVISM

Judicial activism is a concept that originated in the US in 1947.

The judiciary plays an important role in upholding and promoting the rights of citizens in a country. The active role of the judiciary in upholding the rights of citizens and preserving the constitutional and legal system of the country is known as judicial activism. This entails, sometimes overstepping into the territories of the executive.

Judicial activism is also known as 'judicial dynamism'.

The *judicial overreach* is an aggravated version of judicial activism.

Judicial activism is seen as a success in liberalizing access to justice and giving relief to disadvantaged groups, because of the efforts of justices V R Krishna Ayer and P N Bhagwati, who laid the foundations of judicial activism in India.

Judicial activism can be defined as "judicial philosophy which motivates judges to depart from the traditional precedents in favour of progressive and new social policies."

Judicial Activism Methods

There are various methods of judicial activism which are followed in India. They are:

1. Judicial review (power of the judiciary to interpret the constitution and to declare any such law or order of the legislature and executive void, if it finds them in conflict with the Constitution)
2. PIL (*Public Interest Litigation*) (The person filing the petition must not have any personal interest in the litigation, this petition is accepted by the court only if there is an interest of large public involved; the aggrieved party does not file the petition).
3. Constitutional interpretation
4. Access of international statute for ensuring constitutional rights
5. Supervisory power of the higher courts on the lower courts

Significance of Judicial Activism

- It is an effective tool for upholding citizens' rights and implementing constitutional principles when the executive and legislature fails to do so.

- Citizens have the judiciary as the last hope for protecting their rights when all other doors are closed. The Indian judiciary has been considered as the guardian and protector of the Indian Constitution.
- Though the phrase 'judicial activism' is not directly mentioned in the Indian Constitution, there are some provisions in the constitution itself for the judiciary to adopt a proactive role. **Article 13 read with Articles 32 and 226 of the Constitution** provides the power of judicial review to the higher judiciary (SC & HC) to declare any executive, legislative or administrative action void if it is in contravention with the Constitution.
- According to experts, the shift from locus standi to public interest litigation made the judicial process more participatory and democratic.
- Judicial activism counters the opinion that the judiciary is a mere spectator.

Judicial Activism Examples

It all started when the Allahabad High Court rejected the candidature of Indira Gandhi in 1973.

- In 1979, the Supreme Court of India ruled that undertrials in Bihar had already served time for more period than they would have, had they been convicted.
- **Golaknath case:** The questions, in this case, were whether the amendment is a law; and whether Fundamental Rights can be amended or not. SC contented that Fundamental Rights are not amenable to the Parliamentary restriction as stated in Article 13 and that to amend the Fundamental rights a new Constituent Assembly would be required. Also stated that Article 368 gives the procedure to amend the Constitution but does not confer on Parliament the power to amend the Constitution.
- **Kesavananda Bharati case:** This judgement defined the basic structure of the Constitution. The SC held that although no part of the Constitution, including Fundamental Rights, was beyond the Parliament's amending power, the "basic structure of the Constitution could not be abrogated even by a constitutional amendment." This is the basis in Indian law in which the judiciary can strike down any amendment passed by Parliament that is in conflict with the basic structure of the Constitution.
- In the 2G scam, the SC cancelled 122 telecom licenses and spectrum allocated to 8 telecom companies on the grounds that the process of allocation was flawed.

- The Supreme Court rolled out a blanket ban on firecrackers in the Delhi – NCR area with certain exceptions in 2018.
- The SC invoked terror laws against alleged money launderer Hasan Ali Khan.

Pros & Cons Of Judicial Activism

Pros associated with Judicial Activism India

- Judicial Activism sets out a system of balances and controls to the other branches of the government. It accentuates required innovation by way of a solution.
- In cases where the law fails to establish a balance, Judicial Activism allows judges to use their personal judgment.
- It places trust in judges and provides insights into the issues.
- Judicial Activism helps the judiciary to keep a check on the misuse of power by the state government when it interferes and harms the residents.
- In the issue of majority, it helps address problems hastily where the legislature gets stuck in taking decisions.

Cons Associated with Judicial Activism

- Firstly, when it surpasses its power to stop and misuse or abuse of power by the government, in a way, it limits the functioning of the government.
- It clearly violates the limit of power set to be exercised by the constitution when it overrides any existing law.
- The judicial opinions of the judges once taken for any case become the standard for ruling other cases.
- Judicial activism can harm the public at large as the judgment may be influenced by personal or selfish motives.
- Repeated interventions of courts can diminish the faith of the people in the integrity, quality, and efficiency of the government.

Judicial Activism Criticism

Judicial activism has also faced criticism several times. In the name of judicial activism, the judiciary often mixes personal bias and opinions with the law.

Another criticism is that the theory of separation of powers between the three arms of the State goes for a toss with judicial activism.

Many times, the judiciary, in the name of activism, interferes in an administrative domain, and ventures into judicial adventurism/overreach.

Way forward in Judicial Activism

Judicial activism is a product fabricated solely by the judiciaries and not backed by the Constitution. When the judiciary surpasses the line of the powers set for it in the name of judicial activism, it could be rightly said that the judiciary then begins to invalidate the concept of separation of powers set out in the Constitution.

If judges can freely decide and make laws of their choices, it would not only go against the principle of separation of powers but will result in chaos and uncertainty in the law as every judge will start writing his own laws according to his fads and quirks.

Judicial exercise has to be respected to maintain a clear balance.

Making laws is the function and duty of the legislature, to fill the gap of laws and to implement them in a proper manner is the duty of the executive. So, the only work remaining for the judiciary is interpretations. Only a fine equilibrium between these government bodies can sustain the constitutional values.



বিচার বিভাগীয় সক্রিয়তা (Judicial Activism)

স্বাধীনোত্তর ভারতে ১৯৫০ সালের পর থেকে বিচার বিভাগ, বিশেষত সুপ্রিমকোর্ট সাংবিধানিক দিক থেকে গুরুত্বপূর্ণ মামলার নিষ্পত্তিকরণের ক্ষেত্রে একটি সাবেকি আদালতের ভূমিকা পালন করতে থাকে। কিন্তু ১৯৭৯ সালের পর থেকে বিচারবিভাগ সম্পূর্ণ একটি নতুন ভূমিকায় নিজেকে প্রতিষ্ঠিত করার কাজে আত্মনিয়োগ করে। জনস্বার্থমূলক মামলার হাত ধরে ভারতে বিচার বিভাগীয় সক্রিয়তার আবির্ভাব ও বিকাশ ঘটেছে এবং প্রধানত বিশ শতকের নব্বই-এর দশকের মাঝামাঝি সময় থেকে তা ভারতীয় রাজনীতির অন্যতম বিতর্কিত বিষয়ে পরিণত হয়েছে।

বিচার বিভাগীয়
সক্রিয়তার অর্থ

বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে কী বোঝায়, তা নিয়ে সংবিধান-বিশেষজ্ঞ, বিচারপতি, রাজনীতিবিদ প্রমুখের মধ্যে যথেষ্ট মতপার্থক্য রয়েছে। এরূপ মতবিরোধের জন্য বিচার বিভাগীয় সক্রিয়তার কোনো একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা নির্দেশ করা যথেষ্ট কঠিন। তবে

সাধারণভাবে বলা যেতে পারে যে, যখন বিচারপতিরা পরিবর্তিত সমাজের চাহিদাপূরণের জন্য সচেতনভাবে 'বিচার বিভাগীয় ক্ষমতা' (power of judicial review) চূড়ান্তভাবে প্রয়োগ করেন, তখন তাকে বিচার বিভাগীয় সক্রিয়তা বলা হয়। এরূপ সক্রিয়তা ►► [১] নেতিবাচক (negative) এবং ►► [২] ইতিবাচক



(affirmative)—এই দু-ধরনের হতে পারে। আদালত যখন কেবল সংবিধান অনুযায়ী কোনো আইন কিংবা শাসন বিভাগীয় কোনো নির্দেশ, আদেশ প্রভৃতির বৈধতা বিচার করে, তখন তাকে নেতিবাচক সক্রিয়তা বলা হয়। এরূপ বিচার বিভাগীয় সক্রিয়তাকে অনেকে 'আইনগত সক্রিয়তা' (legalistic activism) বলার পক্ষপাতী। কিন্তু বর্তমান ভারতে বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে তা বোঝায় না। এখানে বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে সংবিধান-প্রদত্ত এক্টিয়ারের বাইরে গিয়ে উচ্চ আদালতগুলি, বিশেষত সুপ্রিমকোর্ট কর্তৃক আইন বিভাগ ও শাসন বিভাগের এক্টিয়ারের মধ্যে অনুপ্রবেশ করাকে বোঝায়। এরূপ সক্রিয়তা হল ইতিবাচক বিচার বিভাগীয় সক্রিয়তা। এ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে মহামান্য প্রাক্তন বিচারপতি পি. বি. সাওয়ান্ত (P. B. Sawant) তাঁর লিখিত জুডিসিয়াল অ্যাক্টিভিজম : ট্রেন্ডস্ অ্যান্ড প্রস্পেক্ট (Judicial Activism : Trends and Prospect)-এ বলেছেন যে, বিচার বিভাগীয় সক্রিয়তা হল বিচারবিভাগের সেই কাজ (the action of the judiciary), যা তাকে আইন ও শাসন বিভাগীয় ক্ষেত্রে প্রবেশ করতে সাহায্য করে। বিচারপতি জে. এস. ভার্মার মতে, সাধারণভাবে বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে সাধারণ মানুষের কাছে ন্যায়বিচারের দ্বার উন্মুক্ত করে দেওয়া এবং তাদের মৌলিক অধিকার সংরক্ষণ করাকেই বোঝায়। বচন লাল কালগোত্রী (Bachan Lal Kalgotra) তাঁর 'ইভলিউশন অ্যান্ড জুরিসপ্রুডেন্সিয়াল ডাইমেনশনস্ অব জুডিসিয়াল অ্যাক্টিভিজম' ('Evolution and Jurisprudential Dimensions of Judicial Activism') নামক প্রবন্ধে বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে আদালতের সেই অচিরাচরিত ভূমিকা (the unconventional role)-কে বুঝিয়েছেন, যার সাহায্যে আদালত মূল্যমানযুক্ত রায় (value judgements) দেয় এবং বিধিবদ্ধ আইনের মাধ্যমে অত্যাচারিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ যখন ন্যায়বিচার লাভে ব্যর্থ হয়, তখন আদালত নিজের নৈতিক ও সামাজিক ন্যায়ের ধারণা অনুযায়ী তাদের রক্ষা করার চেষ্টা করে। তাই মাইকেল পেরি (Michael Perry) তাঁর দ্য কনস্টিটিউশন, দ্য কোর্টস অ্যান্ড হিউম্যান রাইটস্ (The Constitution, The Courts and Human Right) নামক গ্রন্থে এই ধরনের সক্রিয়তাকে 'অ-ব্যাখ্যামূলক পুনর্বীক্ষণ' (non-interpretative review) বলে চিহ্নিত করেছেন। কারণ, এরূপ ক্ষেত্রে আদালত সংবিধানের কোনো অংশের ব্যাখ্যা প্রদান না করেই সিদ্ধান্তে উপনীত হয় এবং রায়দান করে। আবার, ১৯৯০ সালে অনুষ্ঠিত বিচার বিভাগীয় সক্রিয়তার ওপর অনুষ্ঠিত একটি আলোচনাসভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্য বক্তা এ. এস. অ্যাওয়ার্ড (A. S. Award) বিচারবিভাগীয় সক্রিয়তাকে 'বিচার বিভাগীয় সৃজনশীলতা' (judicial creativity) বলে চিহ্নিত করেছেন। তাঁর মতে, জনসাধারণ তাদের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য আদালতের দিকে তাকিয়ে থাকে। তাই বিচারপতিরা তাঁদের কর্তব্য পালনের সময় আইনকে এমনভাবে সম্প্রসারিত ও বিকশিত করেন, যাতে জনগণের সেইসব আশা-আকাঙ্ক্ষা পূরণ করা সম্ভব হয়। এদিক থেকে বিচারবিশ্লেষণ করলে বিচার বিভাগীয় সক্রিয়তাকে একটি 'সৃজনশীল প্রক্রিয়া' (creative process) বলে চিহ্নিত করা যায়। বস্তুত, বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে বিচার বিভাগ কর্তৃক কেবল সরকারের অন্য দুটি বিভাগের এক্টিয়ারের মধ্যে অনুপ্রবেশ কিংবা নিজ এক্টিয়ারের সম্প্রসারণকেই বোঝায় না, সেই সঙ্গে পরিবর্তিত সমাজের দাবি অনুযায়ী জনকল্যাণসাধন, মানবাধিকার রক্ষা, সামাজিক ন্যায়বিচারের প্রতিষ্ঠা প্রভৃতির জন্য আদালতের অগ্রণী ভূমিকা পালনকে বোঝায়। এ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে মুম্বাই হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এস. এম. দাউদ বলেছেন যে, একজন ভিজিলাস কমিশনার, গোয়েন্দা বিভাগের পুলিশ অফিসার (Intelligence Branch Police Officer), একটি দূষণ রোধকারী পর্বদ, মানবাধিকার রক্ষাকারী সংস্থা, একজন সমাজসংস্কারক, একজন অনাময় পরিদর্শক (a sanitary inspector) প্রমুখের ভূমিকা পালন করতে হয় বলে সুপ্রিমকোর্ট স্বাভাবিকভাবে সক্রিয় ভূমিকা পালন করতে বাধ্য হয়েছে।

বিচার বিভাগীয়
সক্রিয়তার ক্রমবিবর্তন

ভারতে ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতি যেমন অনুসৃত হয়নি, তেমনি সংবিধান প্রণেতার মার্কিন সুপ্রিমকোর্টের মতো ইতিবাচক সক্রিয়তাসম্পন্ন বিচারব্যবস্থার প্রতিষ্ঠা করেননি। সংবিধানের কয়েকটি ধারা বিশ্লেষণ করলে এই বক্তব্যের সত্যতা প্রমাণিত হয়।

► [১] ভারতীয় সংবিধানের কোথাও আদালতের হাতে বিচার বিভাগীয় পুনর্বীক্ষণের ক্ষমতা প্রদান করা হয়নি। কেবল সংবিধানের ১৩(২) নং ধারায় বলা হয়েছে যে, রাষ্ট্র এমন কোনো আইন প্রণয়ন করতে পারবে না, যা সংবিধানের তৃতীয় অংশ কর্তৃক প্রদত্ত অধিকারগুলিকে হরণ বা ভঙ্গ করে এবং এরূপ কোনো আইন প্রণীত হলে তা সংবিধানবিরোধী বলে বাতিল হয়ে যাবে। বলা বাহুল্য, আইনসভা-প্রণীত কোনো আইন কিংবা শাসন

বিভাগীয় কোনো কাজ সংবিধানবিরোধী কি না, তা বিচার করার দায়িত্ব সুপ্রিমকোর্টের হাতে প্রদান করা হয়েছে। কিন্তু সুপ্রিমকোর্টের এই ক্ষমতা সংবিধান থেকেই প্রাপ্ত এবং এরূপ ক্ষেত্রে সংবিধানের সুনির্দিষ্ট গভীর মধ্যে থেকেই আদালতকে কার্য সম্পাদন করতে হয়। ▶ [২] ভারতের সুপ্রিমকোর্টের হাতে মার্কিন যুক্তরাষ্ট্রের মতো 'আইনের যথাবিহিত পদ্ধতি' অনুসারে বিচারকার্য সম্পাদন করার ক্ষমতা প্রদান করা হয়নি। তার পরিবর্তে 'আইন-নির্দিষ্ট পদ্ধতি' (procedure established by law) অনুযায়ী বিচার করার ক্ষমতা আদালতের হাতে প্রদান করা হয়েছে। সংবিধানের ২১ নং ধারায় বলা হয়েছে যে, 'আইন-নির্দিষ্ট পদ্ধতি' ছাড়া কোনো ব্যক্তির জীবন কিংবা ব্যক্তিস্বাধীনতা হরণ করা যাবে না। ▶ [৩] ভারতের সংবিধান নমনীয় প্রকৃতিবিশিষ্ট হওয়ায় সংসদে সরকারের প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা বর্তমান থাকলে প্রতিকূল বিচার বিভাগীয় সিদ্ধান্তকে অগ্রাহ্য করে সংবিধান-সংশোধন করা সম্ভব। এরূপ সংবিধান-সংশোধনের মাধ্যমে বিচারবিভাগের পুনর্বীক্ষণের ক্ষমতাকেও সঙ্কুচিত করা যেতে পারে। উদাহরণ হিসেবে ৪২-তম সংবিধান সংশোধনের (১৯৭৬) কথা উল্লেখ করা যায়। ▶ [৪] সংবিধানের ১২ নং ধারায় 'রাষ্ট্র' (the State)-এর যে-সংজ্ঞা প্রদান করা হয়েছে, তাতে ভারতের সরকার (the Government) ও সংসদ (Parliament) এবং প্রতিটি রাজ্যের আইনসভা ও সব স্থানীয় বা অন্যান্য কর্তৃপক্ষের কথা উল্লেখ থাকলেও বিচার বিভাগের কথা বলা হয়নি।

নেতিবাচক সক্রিয়তা

কিন্তু বাস্তবে বিপরীত চিত্র প্রত্যক্ষ করা যায়। স্বাধীনতার পর থেকে শুরু করে ১৯৭৫ সালের জুন মাসে ঘোষিত জরুরি অবস্থার পূর্ব পর্যন্ত ভারতের সুপ্রিমকোর্টের সক্রিয়তা ছিল নেতিবাচক। চিরঞ্জিত লাল চৌধুরি বনাম ভারত ইউনিয়ন (১৯৫০), এ. কে. গোপালন বনাম মাদ্রাজ রাজ্য (১৯৫০), বালসারা বনাম বোম্বাই রাজ্য (১৯৫০), শঙ্করী প্রসাদ বনাম ভারত ইউনিয়ন (১৯৫২), হানিফ কুরেশি বনাম বিহার রাজ্য (১৯৫৯), সজ্জন সিং বনাম রাজস্থান রাজ্য (১৯৬৫) প্রভৃতি মামলার রায় থেকেই এই বক্তব্যের সত্যতা প্রমাণিত হয়। কিন্তু সুপ্রিমকোর্টের এই ধরনের নেতিবাচক সক্রিয়তা যে আর্থ-সামাজিক জাতি গঠনের প্রক্রিয়াকে অনেকাংশে ব্যাহত করেছিল, সে বিষয়ে সন্দেহের কোনো অবকাশ নেই। উদাহরণ হিসেবে বলা যায়, ভারতীয় সংবিধানের চতুর্থ অংশে বর্ণিত রাষ্ট্রপরিচালনার নির্দেশমূলক নীতিগুলির মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ নীতিকে কার্যকর করার জন্য যখনই পার্লামেন্ট আইন প্রণয়ন করেছে, তখনই কয়েমি স্বার্থবাদীরা সেই আইনের বৈধতা নিয়ে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হয়েছে। সুপ্রিমকোর্টও সংকীর্ণ আইনগত দৃষ্টিভঙ্গি নিয়ে বিচারবিশ্লেষণ করার পর ওইসব আইন বা আইনের অংশবিশেষকে সংবিধান-বিরোধী বলে বাতিল করে দিয়েছে। এইভাবে গোলকনাথ মামলা (১৯৬৭), ব্যাংক জাতীয়করণ মামলা (১৯৭০), রাজন্যভাতার বিলোপ-সংক্রান্ত মামলা (১৯৭১), কেশবানন্দ ভারতী মামলা (১৯৭৩) প্রভৃতিতে সুপ্রিমকোর্টের নেতিবাচক সক্রিয়তা আর্থ-সামাজিক উন্নয়নের পথে অন্যতম প্রধান প্রতিবন্ধক হিসেবে কাজ করেছে। এই মামলাগুলির মধ্যে কেশবানন্দ ভারতী মামলায় সুপ্রিমকোর্টের রায় ঐতিহাসিক বলে বিবেচিত হয়। কারণ, গোলকনাথ মামলায় প্রদত্ত সুপ্রিমকোর্টের রায়কে অতিক্রম করার জন্য পার্লামেন্ট সংবিধানের ২৪-তম ও ২৫-তম সংশোধনী আইন (১৯৭১) প্রণয়ন করেছিল। ২৪-তম সংশোধনীর আইনের দ্বারা সংযোজিত সংবিধানের ৩৬৮ নং ধারার ৩ নং উপধারায় এ কথা বলা হয় যে, "এই ধারা অনুযায়ী গৃহীত কোনো সংশোধনীর ওপর ১৩ নং ধারার কোনো বিষয় প্রযোজ্য হবে না।" অথচ সংবিধানের ১৩ নং ধারাটিই তৃতীয় অংশে প্রদত্ত মৌলিক অধিকারগুলিকে রক্ষা করার গ্যারান্টি প্রদান করেছে। আবার, ২৫-তম সংবিধান-সংশোধনের মাধ্যমে ৩১ নং ধারার সঙ্গে ৩১(গ) উপধারাটি সংযোজিত হয়। এই উপধারায় বলা হয় যে, সংবিধানের খ ও গ নং উপধারায় বর্ণিত নির্দেশমূলক নীতি দুটিকে কার্যকর করতে গিয়ে পার্লামেন্ট কোনো আইন প্রণয়ন করলে তা সংবিধানের ১৪, ১৯ ও ৩১ নং ধারার বিরোধী বলে বাতিল হবে না এবং তা নিয়ে আদালতে প্রশ্নও তোলা যাবে না। কিন্তু কেশবানন্দ ভারতী মামলায় সুপ্রিমকোর্ট এই রায় দেয় যে, পার্লামেন্ট সংবিধানের 'মৌলিক কাঠামো' (basic structure) ছাড়া অন্য সবকিছুই সংশোধন করতে পারে।

জরুরি অবস্থায় বিচার বিভাগের ক্ষমতা হ্রাস

কেশবানন্দ ভারতী মামলায় ঐতিহাসিক রায়দানের পর থেকে সুপ্রিমকোর্ট সরকারি দলের রাজনৈতিক আক্রমণের কেন্দ্রবিন্দু হয়ে ওঠে। ইন্দিরা গান্ধির নেতৃত্বাধীন তদানীন্তন কেন্দ্রীয় সরকার একের পর এক সংবিধান-সংশোধনী আইন প্রণয়নের মাধ্যমে বিচার বিভাগের পুনর্বীক্ষণের ক্ষমতা হ্রাস করার কাজে আত্মনিয়োগ করে। উদাহরণ হিসেবে ১৯৭৬ সালের ৪২-তম



সংবিধান-সংশোধনী আইনের কথা উল্লেখ করা যেতে পারে। এর পাশাপাশি তদানীন্তন কেন্দ্রীয় সরকার নিজেদের অনাগত ব্যক্তিদের সুপ্রিমকোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করতে থাকে। এতদিন পর্যন্ত সুপ্রিমকোর্টের প্রবীণতম বিচারপতিকে প্রধান বিচারপতিপদে নিয়োগ করার যে-প্রথাটি অনুসৃত হত, ১৯৭৩ সালে সেটিকে উপেক্ষা করে এ. এন. রায়কে প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ করার কথা উদাহরণ হিসেবে উল্লেখ করা যেতে পারে। আবার, তদানীন্তন কেন্দ্রীয় ইম্পাতমন্ত্রী মোহন কুমারমঙ্গলম বিশেষ মতাদর্শের প্রতি অঙ্গীকারবদ্ধ বিচারব্যবস্থার তত্ত্ব (theory of committed judiciary) প্রচার করেছিলেন। পূর্বোক্ত ঘটনার পুনরাবৃত্তি ঘটেছিল ১৯৭৭ সালে। ওই বছর এইচ. আর. খান্নাকে অতিক্রম করে এম. এইচ. বেগকে প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ করা হলে তার প্রতিবাদে বিচারপতি খান্না পদত্যাগ করেন। এইভাবে জরুরি অবস্থার সময় (১৯৭৫-৭৭) বিচার বিভাগের ওপর শাসন বিভাগের অস্বাভাবিক প্রাধান্য প্রতিষ্ঠিত হওয়ার ফলে সক্রিয় বিচার বিভাগের পরিবর্তে কার্যত নিষ্ক্রিয় বিচারবিভাগের অবস্থিতি প্রত্যক্ষ করা হয়।

বিচার বিভাগের ইতিবাচক সক্রিয়তা

জরুরি অবস্থার অবসানের পর ১৯৭৭ সালে অনুষ্ঠিত লোকসভার নির্বাচনে ইন্দিরা গান্ধির নেতৃত্বাধীন কংগ্রেস ক্ষমতাসূচ্য হয় এবং মোরারজি দেশাই-এর নেতৃত্বে কেন্দ্রে সর্বপ্রথম একটি অ-কংগ্রেসী সরকার গঠিত হয়। ৪২-তম সংবিধান-সংশোধনের মাধ্যমে ইন্দিরা সরকার সুপ্রিমকোর্ট ও হাইকোর্টের যেসব ক্ষমতা কেড়ে নিয়েছিল দেশাই সরকার ১৯৭৮ সালে ৪৩-তম ও ৪৪-তম সংবিধান-সংশোধনের মাধ্যমে তা ফিরিয়ে দেয়। কার্যত এর পর থেকেই সুপ্রিমকোর্ট ইতিবাচকভাবে সক্রিয় হয়ে ওঠে। এ বিষয়ে সুপ্রিমকোর্টের যেসব বিচারপতি অগ্রণী ভূমিকা পালন করেছিলেন, তাঁদের মধ্যে পি. বি. মুখার্জি, জে. এম. শেলাত, এইচ. হিদায়েতুল্লা, কুলু আয়ার প্রমুখের নাম বিশেষ উল্লেখযোগ্য। আদালতের ইতিবাচক সক্রিয়তার সূত্রপাত ঘটেছিল কেশবানন্দ ভারতী মামলায় (১৯৭৩)। এই মামলায় সুপ্রিমকোর্ট 'সংবিধানের মৌলিক কাঠামো' রক্ষার দায়িত্ব নিজের হাতে রেখে দিলেও কোন্ কোন্ বিষয় এবুপ কাঠামোর অন্তর্ভুক্ত, তা সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে বলা হয়নি। এর পর মানেকা গান্ধি মামলায় (১৯৭৮) সুপ্রিমকোর্ট সংবিধানের ২১ নং ধারাটিকে এমনভাবে ব্যাখ্যা করে, যার ফলে আদালত আইন প্রণয়ন পদ্ধতির ঔচিত্য বিচারের ক্ষমতা লাভ করে। এর ফলে মার্কিন সুপ্রিমকোর্টের মতো ভারতীয় সুপ্রিমকোর্টও কার্যত 'আইনের যথাবিহিত পদ্ধতি' অনুযায়ী কোনো আইন প্রণীত হয়েছে কি না, তা বিচার করতে সক্ষম হয়।

বিচার বিভাগীয় সক্রিয়তার উদাহরণ

বিগত শতকের আশির দশক থেকে শুরু করে উচ্চ আদালতগুলি, বিশেষত সুপ্রিমকোর্ট বিভিন্ন মামলায় এমন সব রায় দিয়েছে, যোগুলিকে বিচার বিভাগীয় সক্রিয়তার বা অতি-সক্রিয়তার প্রকৃষ্ট নজির হিসেবে তুলে ধরা যেতে পারে। উদাহরণ হিসেবে হুসেইনারা বনাম বিহার রাজ্য মামলায় (১৯৭৯) আইনগত সহায়তা লাভের অধিকার, কমলা দেবী বনাম পাঞ্জাব রাজ্য মামলায় (১৯৮৪) জামিন লাভের অধিকার, শীলা বার্লে বনাম ভারত ইউনিয়ন মামলায় (১৯৮৬) জেলের মধ্যে শিশুদের বিশেষ ব্যবহার লাভের অধিকার, কেহার সিং বনাম আসাম রাজ্য মামলায় (১৯৮৮) প্রকাশ্যে বিচার চাওয়ার অধিকার প্রভৃতির কথা উল্লেখ করা যায়। অনুরূপভাবে, সাম্যের অধিকার সম্প্রসারণের ক্ষেত্রেও সুপ্রিমকোর্টকে ইতিবাচকভাবে সক্রিয় হয়ে উঠতে দেখা গেছে। উদাহরণ হিসেবে শাহবানু মামলায় (১৯৮৫) তালুকপ্রাপ্ত মুসলিম মহিলাদের ভরণপোষণ লাভের অধিকার এবং সুবানু মামলায় (১৯৮৭) বিবাহিত মুসলিম মহিলারা বিপথগামী স্বামীর কাছ থেকে ভরণপোষণ দাবি করার অধিকার লাভ করেন। আবার, মেহতা মামলায় (১৯৯৬) সুপ্রিমকোর্ট 'শোষণের বিরুদ্ধে অধিকার'-এর পরিধির সম্প্রসারণ ঘটিয়ে শিশুশ্রমিক নিয়োগকে বেআইনি বলে ঘোষণা করে। এমনকি, উম্মিকুয়ান বনাম অন্ধ্রপ্রদেশ রাজ্য মামলায় (১৯৯৩) প্রদত্ত রায়ে সুপ্রিমকোর্ট শিক্ষার অধিকারকে জীবনের অধিকারের অবিচ্ছেদ্য অংশ বলে চিহ্নিত করেছিল। এরই ফলে অনেক টালবাহানার পর ২০০২ সালে ৮৬তম সংবিধান-সংশোধনের মাধ্যমে শিক্ষার অধিকারকে মৌলিক অধিকারের মর্যাদা প্রদান করা হয়েছে [২১-ক নং ধারা]। আবার, ২০০৩ সালের ১৪ই আগস্ট প্রধান বিচারপতি ভি. এন. খারের নেতৃত্বে ৫ সদস্যের একটি সাংবিধানিক বেঞ্জ দেশের সব বেসরকারি পেশাদারি শিক্ষার কলেজগুলিতে ক্যাপিটেশন ফি নেওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল। এই সব মামলা ছাড়াও অন্য অনেক মামলায় সুপ্রিমকোর্ট জনগণের অধিকার ও আর্থসামাজিক ক্ষেত্রে ন্যায় প্রতিষ্ঠার জন্য ইতিবাচক রায়দান করেছে। উদাহরণ হিসেবে পরিবেশদূষণের হাত থেকে স্বাস্থ্যরক্ষার অধিকার সংরক্ষণ (মেহতা বনাম ভারত ইউনিয়ন,

১৯৮৭), সুন্দর পরিবেশ লাভ ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের অধিকার (রামশরণ বনাম ভারত ইউনিয়ন, ১৯৮৯), দূষণমুক্ত জল ও বায়ুর অধিকার (সুভাষ বনাম বিহার রাজ্য, ১৯৯১) পরিবেশ দূষণের জন্য দিল্লির ১৪৬টি শিল্প প্রতিষ্ঠান বন্ধ করার নির্দেশদান (১৯৯৬) প্রভৃতি ব্যাপারে সুপ্রিমকোর্টের গুরুত্বপূর্ণ রায়দানের কথা উল্লেখ করা যেতে পারে। বলা বাহুল্য এইসব মামলার রায়দানের ফলে সমগ্র দেশ জুড়ে পরিবেশ-সচেতনতা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। সর্বোপরি, উচ্চপদে সমাসীন ব্যক্তি ও প্রভাবশালী রাজনীতিবিদদের দুর্নীতিমূলক কার্যকলাপ বন্ধের জন্য সুপ্রিমকোর্ট একদিকে যেমন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে, অন্যদিকে তেমনি জনপ্রতিনিধি ও আমলাদের ব্যাপক হস্তাচার, দুর্নীতি ও অপশাসনের বিরুদ্ধে রায়দান করে সমগ্র জাতীয় জীবনকে কলুষমুক্ত রাখার জন্য সুদৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে বিন্দুমাত্র দ্বিধাবোধ করেনি। এইভাবে হাওলা কেলেঙ্কারি, পশুখাদ্য কেলেঙ্কারি, চিনি ও ইউরিয়া কেলেঙ্কারি প্রভৃতি ক্ষেত্রে সুপ্রিমকোর্টের ভূমিকা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। এইসব ক্ষেত্রে সুপ্রিমকোর্ট জনস্বার্থ তথা সামাজিক স্বার্থরক্ষার প্রয়োজনে সংবিধানের গণ্ডি অতিক্রম করতেও দ্বিধা করেনি। উদাহরণ হিসেবে ১৯৯৬ সালে হাওলা কেলেঙ্কারি মামলায় অভিযুক্তদের বিরুদ্ধে চার্জশিট দেওয়ার জন্য নরসিমা রাও সরকারকে কার্যত বাধ্য করার কথা উল্লেখ করা যেতে পারে। সুপ্রিমকোর্টের এই ধরনের ইতিবাচক সক্রিয়তা হাইকোর্ট এবং অন্যান্য অধস্তন আদালতকেও যথেষ্ট প্রভাবিত করেছিল। লাখুভাই পাঠক মামলা, ঝাড়খণ্ড ঘুষ মামলা, বিহারের পশুখাদ্য কেলেঙ্কারি মামলা, অর্চনা গৃহ মামলা, বৃপান বাজাজ দেওল মামলার মতো গুরুত্বপূর্ণ মামলায় প্রদত্ত রায় থেকে এই বক্তব্যের সত্যতা প্রমাণিত হয়।

বিচার বিভাগের অতি-সক্রিয়তার বিপদ

ভারতের সংসদীয় শাসনব্যবস্থায় আইন বিভাগ, শাসন বিভাগ ও বিচার বিভাগের দায়িত্ব ও কর্তব্য সংবিধানে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। কিন্তু সাম্প্রতিককালে বিচার বিভাগ, বিশেষত সুপ্রিমকোর্ট এবং হাইকোর্ট অনেক ক্ষেত্রে সংবিধাননির্দিষ্ট এক্তিয়ারের বাইরে

গিয়ে আইন বিভাগ ও শাসন বিভাগের এক্তিয়ারে হস্তক্ষেপ করতে শুরু করেছে। উদাহরণ হিসেবে বলা যায়, ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংসের পর সংবিধানের ৩৫৬ নং ধারা প্রয়োগ করে কয়েকটি রাজ্যে রাষ্ট্রপতির শাসন জারি করা হলে সুপ্রিম কোর্ট ওই ধারা প্রয়োগের যৌক্তিকতা বিচারের ক্ষমতা আদালতের রয়েছে বলে অভিমত ব্যক্ত করেছিল। কিন্তু সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির শাসন জারির ব্যাপারে শাসন বিভাগই শেষ কথা বলার অধিকারী। আবার, হাওলা মামলায় চার্জশিট গঠনের জন্য নরসিমা রাও-সরকারকে বাধ্য করার ব্যাপারে সুপ্রিমকোর্টের ভূমিকা অভিনন্দনযোগ্য হলেও প্রধানমন্ত্রীর দফতর থেকে সি. বি. আই.-কে বিচ্ছিন্ন করে আদালতের কাছে সরাসরি রিপোর্ট দেওয়ার নির্দেশদান; বিহার পশুখাদ্য কেলেঙ্কারি মামলায় সি. বি. আই.-ডিরেক্টরকে তদন্তের বাইরে থাকার জন্য পটনা হাইকোর্টের নির্দেশ এবং এরূপ কেলেঙ্কারির জন্য বিহারে রাষ্ট্রপতির শাসন জারি করা উচিত বলে ১৯৯৭ সালের আগস্ট মাসে মতামত জ্ঞাপন প্রভৃতি ঘটনা শাসন বিভাগের অধিকার ও এক্তিয়ারে হস্তক্ষেপ ছাড়া আর কিছুই নয়। বস্তুত, জনস্বার্থমূলক বা সামাজিক কার্যমূলক মামলাগুলিতে বিচার বিভাগ তার সাংবিধানিক এক্তিয়ার অতিক্রম করে রায়দান করেছে। এমনকি, সুপ্রিমকোর্টের জনস্বার্থমূলক অনেক রায় কতখানি জনস্বার্থ রক্ষা করেছে, তা নিয়েও প্রশ্ন তোলার যথেষ্ট অবকাশ রয়েছে। উদাহরণ হিসেবে ১৯৯৭ সালের ১২ই নভেম্বর তদানীন্তন প্রধান বিচারপতি জে. এস. ভার্মার নেতৃত্বাধীনে সুপ্রিমকোর্টের ডিভিশন বেঞ্জ কর্তৃক 'বনধ'কে বেআইনি ও অসাংবিধানিক বলে ঘোষণা, ২০০৩ সালের ২৯শে সেপ্টেম্বর কলকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি অমিতাভ লালা কর্তৃক স্বতঃপ্রণোদিতভাবে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত সমগ্র কলকাতায় (মাত্র ৩টি স্থান ছাড়া) মিছিল ও সভা করার ওপর নিষেধাজ্ঞা জারি করার জন্য প্রশাসনকে নির্দেশ দান প্রভৃতির কথা উল্লেখ করা যেতে পারে। কোনো কোনো বিচারপতির অতি-সক্রিয় কার্যকলাপ ব্যক্তিগত ও রাজনৈতিক বিচারবিবেচনার দ্বারা পরিচালিত হয়েছে বলে মনে করা হয়। উদাহরণ হিসেবে বলা যায়, চন্দ্রস্বামী ও কৈলাসনাথ আগরওয়ালকে দীর্ঘদিন কারাবাস করতে হলেও একই মামলার অন্যতম আসামী প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমা রাওকে গ্রেফতারের ব্যাপারের আদালত বিশেষ আগ্রহ দেখায়নি। সংবাদপত্রের রিপোর্ট অনুযায়ী, গভীর রাতে প্রাক্তন প্রধানমন্ত্রীকে তাঁর বাসভবনে গ্রেপ্তার করে সঙ্গে সঙ্গে তাঁকে জামিন দেওয়া হয়। আবার, বিচারপতি প্রেমকুমারের আদালত থেকে লাখুভাই পাঠকের মামলা স্থানান্তরিত করার পেছনে কোনো আইনগত যুক্তি বুঁজে পাওয়া যায় না। এইসব ঘটনা থেকে এ কথা প্রমাণিত হয় যে, 'আইনের অনুশাসন অনুযায়ী কেউ-ই আইনের উর্ধ্বে নয়'—তত্ত্বগতভাবে এ কথা বলা হলেও সাম্প্রতিক



ভারতের বিচার বিভাগ বহুক্ষেত্রেই নিজেকে আইনের উর্ধ্বে স্থাপন করেছে। অথচ বিচারপতি প্রেমকুমার আইনের অনুশাসনের মূল কথাটি অত্যন্ত সঠিকভাবেই তুলে ধরেছিলেন। তিনি বলেছিলেন, “তুমি যতই উঁচুতে থাক না কেন, আইনের স্থান তোমারও ওপরে।” (Be you ever so high, the law is above you.)

অতি-সক্রিয়তার কারণ

ভারতে বিচার বিভাগের এরূপ সক্রিয়তার পেছনে কয়েকটি গুরুত্বপূর্ণ কারণ রয়েছে বলে মনে করা হয়। সেগুলি হল—

● [১] শাসন বিভাগ ও আইন বিভাগের স্বৈরাচারী মনোভাব: কেউ কেউ বিচার বিভাগের সক্রিয়তা বা অতি-সক্রিয়তার জন্য শাসন বিভাগ এবং আইন বিভাগকে দায়ী করেন। তাঁদের মতে, অনেক সময় এই দুটি বিভাগ সংবিধানের গভীর মধ্যে না থেকে যথেষ্টভাবে কার্য সম্পাদন করেছে। ফলে একদিকে যেমন গণতন্ত্র বিপন্ন হয়েছে, অন্যদিকে তেমনি জনস্বার্থ উপেক্ষিত হয়েছে। একটি উদাহরণের সাহায্যে বিষয়টি আলোচনা করা যেতে পারে। এলাহাবাদ হাইকোর্ট প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির নির্বাচনকে অবৈধ ঘোষণা করার পর তিনি ১৯৭৫ সালের ২৬শে জুন জরুরি অবস্থা ঘোষণা করে দেশের মধ্যে সর্বপ্রকার বিরোধিতার কঠোর এবং নানা ধরনের অগণতান্ত্রিক আইন প্রণয়ন করেন। তা ছাড়া, তিনি ৩৯-তম সংবিধান-সংশোধনের (১৯৭৫) মাধ্যমে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও লোকসভার অধ্যক্ষের নির্বাচন-সংক্রান্ত বিরোধকে আদালতের এস্তিয়ার-বহির্ভূত রাখার এবং প্রধানমন্ত্রীপদে নিযুক্ত ব্যক্তির নির্বাচন-সংক্রান্ত কোনো মামলা অসীমায়িত অবস্থায় থাকলে তা বাতিল করার ব্যবস্থা করেন। আবার, ৪২তম সংবিধান-সংশোধনের মাধ্যমে মৌলিক অধিকারের ওপর নির্দেশমূলক নীতিগুলিকে স্থানদান, লোকসভার কার্যকালের মেয়াদ বৃদ্ধি, প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী কাজ করতে রাষ্ট্রপতিকে বাধ্য করা, সুপ্রিমকোর্টের ক্ষমতার ক্ষেত্রে মৌলিক পরিবর্তনসাধন প্রভৃতির মাধ্যমে সংবিধানের মৌলিক নীতিগুলির পরিবর্তন সাধন করা হয়।

● [২] আইন বিভাগ ও শাসন বিভাগের নিষ্ক্রিয়তা: ভারতীয় রাজনীতির দুর্বৃত্তায়ন এবং পুলিশের রাজনীতিকরণ সাম্প্রতিককালে ভারতীয় রাজনীতির বৈশিষ্ট্য পরিণত হয়েছে। তাই নির্বাচনের সময় অর্ধশক্তির সঙ্গে সঙ্গে পেশিশক্তির প্রয়োগ গণতন্ত্রকে প্রহসনে পরিণত করেছে। দক্ষিণপন্থী এবং সুযোগসম্পাদনী রাজনৈতিক দলগুলি (বামপন্থীরা বাদে) রাজনৈতিক কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এইসব কাজকে প্রশ্রয় দিয়ে চলেছে। এমনকি, পার্লামেন্টের অনেক সদস্য এবং অনেক মন্ত্রী ও আমলা নানা ধরনের দুর্নীতিমূলক কাজের সঙ্গে যুক্ত রয়েছেন। তাই কেন্দ্রীয় ও রাজ্যস্তরে নানা ধরনের কেলেঙ্কারির ঘটনা ক্রমাগতই ঘটে চলেছে। এমতাবস্থায় শাসন বিভাগ কিংবা আইন বিভাগ নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা পালন করলেও বিচার বিভাগ গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠার কাজে সক্রিয়ভাবে এগিয়ে এসেছে।

● [৩] ধর্ম ও জাতপাতের রাজনীতি: সাম্প্রতিককালে ধর্ম ও জাতপাতের রাজনীতিকরণ ভারতীয় রাজনীতির অন্যতম বৈশিষ্ট্য হয়ে দাঁড়িয়েছে। ভারত একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র হলেও কোনো কোনো দক্ষিণপন্থী রাজনৈতিক দল ও সংগঠন ধর্মের রাজনীতিকরণ ঘটিয়ে রাজনৈতিক ক্ষেত্রে ফায়দা তোলার কাজে আত্মনিয়োগ করেছে। তা ছাড়া, ধর্মের রাজনীতিকরণ ছাড়াও রাজনীতির সাম্প্রদায়িকীকরণ ঘটায় ফলে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষের মধ্যে সম্প্রীতির বন্ধন যেমন বিনষ্ট হয়েছে, তেমনি সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামায় মানুষ তার জীবনের অধিকার, সম্পত্তির অধিকার প্রভৃতি হারিয়েছে। ভারতীয় গণতন্ত্রের পরিকাঠামোর অবনমন (decline of the infrastructure of democracy)-এর ফলে রাজনীতির সাম্প্রদায়িকীকরণ বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে বলে রজনী কোঠারি মনে করেন। তা ছাড়া, শিল্পায়ন, নগরায়ন, আধুনিক শিক্ষাব্যবস্থার প্রবর্তন, নানা ধরনের সাংবিধানিক ও আইনগত ব্যবস্থা গ্রহণ প্রভৃতির ফলে ভারতে সাবেকি জাতপাত ব্যবস্থার কিছুটা পরিবর্তন ঘটলেও জাতপাত ব্যবস্থা একেবারে নির্মূল হয়ে যায়নি। বরং, তা নতুন শক্তি নিয়ে সুসংহত আকারে আত্মপ্রকাশ করেছে। এর সর্বপ্রধান কারণ হিসেবে রজনী কোঠারি ‘জাতপাতের রাজনীতিকরণ’কে চিহ্নিত করেছেন। জাতের ভিত্তিতে গড়ে ওঠা বহুজন সমাজ পার্টি, জাস্টিস পার্টি প্রভৃতির মতো রাজনৈতিক দল জাতপাতকে হাতিয়ার করে রাজনৈতিক ক্ষেত্রে প্রাধান্য অর্জনের কাজে আত্মনিয়োগ করেছে। বলা বাহুল্য, এসবের ফলে জাতীয় ঐক্য ও সংহতি আজ বিরাট চ্যালেঞ্জের মুখে এসে দাঁড়িয়েছে। এমতাবস্থায় বিচারবিভাগ স্বাভাবিকভাবে অতি মাত্রায় সক্রিয় হওয়ার সুযোগ পেয়েছে।

● [৪] সাংবিধানিক নীতি ও সামাজিক ন্যায়ের প্রতিষ্ঠা: একটি স্বাধীন ও নিরপেক্ষ বিচার বিভাগের অবস্থিতি গণতন্ত্র রক্ষার পক্ষে অপরিহার্য বলে বিবেচিত হয়। সংবিধানের নীতিসমূহ এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠায় আগ্রহী সক্রিয় বিচার বিভাগের উপস্থিতি ছাড়া সংবিধানের পবিত্রতা রক্ষা, সমাজের কল্যাণসাধন ও আইনের অনুশাসন প্রতিষ্ঠা অসম্ভব। কারণ, ভারতে রাজনীতিবিদ ও আমলাদের মতো জনগণের ভৃত্যেরা বাস্তবে তাদের প্রভুতে পরিণত হয়েছেন। তাঁরা নিজেদের আইনের উর্ধ্বে স্থাপন করার চেষ্টা করেন। তাই তাঁদের গণতন্ত্রবিরোধী, সংবিধান-বিরোধী ও আইনের অনুশাসন-বিরোধী কার্যাবলি প্রতিরোধ করার এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠার জন্য বিচার বিভাগকে স্বাভাবিক কারণে সক্রিয় ভূমিকা পালন করতেই হয়।

মূল্যায়ন

কেউ কেউ গণতন্ত্র ও যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার সংরক্ষণের স্বার্থে বিচার বিভাগীয় সক্রিয়তাকে স্বাগত জানিয়েছেন। ১৯৯৬ সালের নভেম্বর মাসে দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত এক সভায় ভাষণ দিতে গিয়ে প্রাক্তন রাষ্ট্রপতি শঙ্কর দয়াল শর্মা এই মন্তব্য করেছিলেন যে, সময় ও মানুষের চাহিদার পরিবর্তনের সঙ্গে রাষ্ট্রীয় ব্যবস্থার সংগতি রক্ষার জন্য বিচার বিভাগের সক্রিয়তা জাতির জন্য নিরাপদ, উন্নত ও সামাজিক ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত সুস্থ জীবন নিশ্চিত করেছে। কিন্তু কেউ কেউ এই প্রবণতাকে বিপজ্জনক বলে মনে করেন। তাঁরা বিচারবিভাগীয় সক্রিয়তাকে 'অতিসক্রিয়তা' (over-activism), 'স্বেচ্ছাচারিতা' (despotism), 'ভীতি প্রদর্শনের মাধ্যমে বশীভূত করার চেষ্টা' (intimidation) ইত্যাদি বলে চিহ্নিত করার পক্ষপাতী। দিল্লি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিচার বিভাগীয় সক্রিয়তার ওপর অনুষ্ঠিত একটি আলোচনাসভায় লোকসভার প্রাক্তন স্পিকার পি. সাঙমা বিচার বিভাগের এরূপ প্রবণতাকে 'শাসন বিভাগের এক্তিয়ারে অবৈধভাবে অনুপ্রবেশ করার একটি অশান্তিকর প্রবণতা' (a disturbing tendency to encroach on the executive domain) বলে চিহ্নিত করতে দ্বিধা করেননি। এমনকি, ১৯৯৬ সালের ২৮শে নভেম্বর তদানীন্তন প্রধানমন্ত্রী দেবেগৌড়া জনস্বার্থমূলক মামলাকে একটি ক্ষতিকর বিষয় (a menace) বলে ঘোষণা করেছিলেন। অধ্যাপক অমিত সেন তাঁর লেখা 'জুডিসিয়াল অ্যাক্টিভিজম ইন ইন্ডিয়া' ('Judicial Activism in India') নামক প্রবন্ধে মন্তব্য করেছেন যে, বিচার বিভাগের এরূপ পদক্ষেপকে থামানো না গেলে ভবিষ্যতে বিচার বিভাগীয় সক্রিয়তা বিচার বিভাগীয় স্বৈরাচারিতা (judicial despotism)-য় রূপান্তরিত হবে। তাই বিচার বিভাগকে নিয়ন্ত্রণ করার দাবি উঠেছে। এ বিষয়ে অধ্যাপক মোহিত ভট্টাচার্যের মন্তব্য হল, "অনিয়ন্ত্রিত বিচার বিভাগীয় ক্ষমতা অনিয়ন্ত্রিত আইন বিভাগীয় ও শাসন বিভাগীয় ক্ষমতার মতোই সমান বিপজ্জনক।" কিন্তু প্রশ্ন হল—কীভাবে বিচার বিভাগকে নিয়ন্ত্রণ করা সম্ভব? এই প্রশ্নের উত্তর খুঁজে পাওয়া যায় মার্কিন সুপ্রিমকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি হারল্যান এফ. স্টোন (Harlan E. Stone)-এর একটি উক্তি মध्ये। ১৯৩৬ সালে তিনি বলেছিলেন যে, সরকারের শাসন বিভাগ এবং আইন বিভাগের অসাংবিধানিকভাবে ক্ষমতা-প্রয়োগ যখন বিচার বিভাগ কর্তৃক আরোপিত নিয়ন্ত্রণের অধীন, তখন বিচারপতিদের নিজেদের ক্ষমতা প্রয়োগের ওপর কেবল একটিই নিয়ন্ত্রণ রয়েছে। তা হল 'আমাদের (অর্থাৎ বিচারপতিদের) স্ব-আরোপিত নিয়ন্ত্রণ' (our sense of self-restraint)।

বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে কী বোঝায়? সমালোচনা-সহ ভারতে বিচার বিভাগীয় সক্রিয়তা বিশ্লেষণ করো।

বিচার বিভাগীয় সক্রিয়তা

যখন উচ্চ আদালতসমূহ, বিশেষত সুপ্রিমকোর্ট সংবিধান প্রদত্ত এক্তিয়ার বহির্ভূতভাবে আইন বিভাগ ও শাসন বিভাগের ওপর হস্তক্ষেপ করে, অর্থাৎ আইন বিভাগ ও শাসন বিভাগের এক্তিয়ারের মধ্যে প্রবেশ করে তখন তাকে বলে 'বিচার বিভাগীয় সক্রিয়তা' বা 'Judicial Activism'। প্রাক্তন বিচারপতি পি বি সাওয়ান্ট বলেছেন যে, বিচার বিভাগীয় সক্রিয়তা বলতে বিচার বিভাগের সেইসব কাজকে বোঝায় যার দ্বারা বিচার বিভাগ, আইন ও শাসন বিভাগের এক্তিয়ারে প্রবেশ করে।

সমালোচনা-সহ বিচার বিভাগীয় সক্রিয়তা

বিচারব্যবস্থা কার্যত সাংবিধানিক ব্যবস্থার অভিজ্ঞাবক হিসেবে কাজ করে। এক্ষেত্রে সংবিধানের কোনো ধারার ব্যাখ্যা প্রদান বা নাগরিক অধিকার রক্ষার ক্ষেত্রে বিচার বিভাগের ভূমিকা গুরুত্বপূর্ণ। দেশের সাংবিধানিক ব্যবস্থার মৌলিক কাঠামো সংরক্ষিত করার ব্যাপারে আদালত তার দায়িত্ব বহন করে। দেশের মৌলিক কাঠামো যদি কোনোভাবে আঘাত প্রাপ্ত হয় বা কোনো দিক থেকে বাধার সম্মুখীন হয় তাহলে জনস্বার্থ বিপর হয়ে পড়তে বাধ্য। এক্ষেত্রে নিপীড়িত জনগণ সামাজিক ন্যায় থেকে বঞ্চিত হয়ে পড়বে। তাই নিপীড়িত মানুষের স্বার্থে বা জনস্বার্থে ন্যায়বিচার হয়ে ওঠে বিরোধ-বিতর্কের উর্ধ্বে। এরই ভিত্তিতে বিচার বিভাগীয় সক্রিয়তার সৃষ্টি হয়েছে।

- [1] আইন ও শাসন বিভাগের কাজে হস্তক্ষেপ: বিচার বিভাগের সক্রিয়তা বলতে বিচার বিভাগের এমন কিছু বিশেষ ক্ষমতাকে বোঝায় যার দ্বারা আইন ও শাসন বিভাগের কার্যকলাপের মধ্যে প্রবেশ করে। প্রশাসনিক কর্তৃপক্ষকে এই ক্ষমতা বলে বিচার বিভাগ নির্দেশ দিতে পারে। এ ছাড়া প্রশাসনিক কর্তৃপক্ষের বিভিন্ন ক্রিয়াকর্মের তদারকির কাজও আদালত করতে পারে। তাই সর্বোচ্চ আদালতের নিকট থেকে যখন আইন ও শাসন বিভাগের কাজের ওপর কোনো রায় প্রকাশ পায় তখন তা আরও উদ্দীপ্ত আকার ধারণ করে।
- [2] সরকার ও সরকারি বিভাগের ওপর প্রভাব: বিগত শতাব্দীর আশির দশক থেকে ভারতে বিচার বিভাগীয় সক্রিয়তা দেখা দিতে থাকে। স্বতঃস্ফূর্তভাবে এই ধারণাটি গড়ে ওঠেনি। বিগত শতাব্দীর আশির দশক থেকে আদালত কতকগুলি আবেদনের সম্মুখীন হয়। যেমন—রাজনীতিকে দুর্নীতি ও কলুষ মুক্ত করা, পরিবেশ দূষণ রোধের জন্য বিভিন্ন ব্যবস্থা নেওয়া বা মহামারি নিবারণের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া—প্রভৃতি ব্যাপারে

আদালত সরকারি সংস্থাগুলির ওপর নির্দেশ জারি করে। অর্থাৎ জনস্বার্থ সম্পর্কিত বিষয়গুলি রক্ষার জন্য বিচার বিভাগ সরকার ও সরকারি বিভাগগুলিকে প্রভাবিত করে। এইভাবে বিচার বিভাগীয় সক্রিয়তা কার্যকরী হয়ে ওঠে।

[3] জনস্বার্থ রক্ষা বিষয়ক কাজ: বিচার বিভাগীয় সক্রিয়তা সৃষ্টির পিছনে গুরুত্বপূর্ণ কারণ হল যে, সৃষ্টি চিন্তাসম্পন্ন ও মানবতাবাদী বিবেকবান বহু মানুষ আদালতের কাছে সরকারি ব্যবস্থার তথা আইন ও প্রশাসনিক ব্যবস্থার দ্বারা সমসুযোগের জন্য আবেদন করেন। আদালত এইসব আবেদন স্বীকার করে। কারণ তারা চায় মানুষকে ন্যায়বিচার প্রদান করে অন্যায় ও অবিচারের বিরুদ্ধে প্রতিকার গড়ে তুলতে। অন্যায় ও অবিচারের বিরুদ্ধে প্রতিকার গড়ে না তুললে ক্ষতিগ্রস্ত ও নিপীড়িত মানুষেরা ন্যায় থেকে বঞ্চিত হবে। যার ফলে জনস্বার্থ বিপন্ন হয়ে পড়বে। কার্যত আদালত মৌলিক অধিকারসমূহের সংরক্ষণ করতে গিয়ে প্রায়ই আনুষঙ্গিক বিষয় হিসেবে যেসব কাজ করতে শুরু করে সেটাই বিচার বিভাগীয় সক্রিয়তা হিসেবে পরিগণিত হয়। অর্থাৎ বিচার বিভাগ তার Activism-এর দ্বারা ব্যক্তির জীবন, স্বাধীনতা ও সামোর বিষয়টির ওপর সুবিচার আরোপের চেষ্টা করে। যার দ্বারা জনস্বার্থ বিপন্নতার হাত থেকে মানুষ মুক্তি পায়। অর্থাৎ বিচার বিভাগীয় সক্রিয়তার দ্বারা জনস্বার্থ সংরক্ষণ করা হয়।

[4] সামাজিক ন্যায় প্রতিষ্ঠার কাজ: বিচার বিভাগের কাজ হল সামাজিক ন্যায়কে প্রতিষ্ঠিত করা এবং অনুশাসনের এক হাতিয়ার হিসেবে কাজ করা। এক্ষেত্রে বিচার বিভাগকে বিভিন্ন বাধার সম্মুখীন হতে হয়। এই কাজ করতে গিয়ে তাকে নিপীড়িত মানুষের স্বার্থে তাদের পাশে গিয়ে দাঁড়াতে হয়—যাতে সমাজের নিপীড়িত মানুষ ন্যায় থেকে বঞ্চিত না হয়। ন্যায়ের পক্ষে, নিষ্ঠুর ও নিঃশঙ্কভাবে যখন বিচার বিভাগ কাজ করে এবং এ ব্যাপারে প্রয়োজন হলে আইন ও প্রশাসনের কার্যধারায় প্রবেশ করে তখন তাকে Judicial Activism বলে উল্লেখ করা হয়।

[5] তৃতীয় অংশে বর্ণিত অধিকারসমূহের সংরক্ষণ সংক্রান্ত কাজ: তবে বিচার বিভাগ সংবিধানের সুনির্দিষ্ট সীমার মধ্যে থেকেই তার কাজ করে থাকে। যেমন সংসদ দ্বারা প্রণীত কোনো আইন বা শাসন বিভাগীয় কোনো কাজ যদি সংবিধান বিরোধী হয় তাহলে সুপ্রিমকোর্ট তা বিচার করে দেখে। আবার সংবিধানের 13(2) নং ধারায় উল্লেখ করা হয়েছে যে, রাষ্ট্র যদি এমন কোনো আইন প্রণয়ন করে যা সংবিধানের তৃতীয় অংশে বর্ণিত অধিকারগুলিকে লঙ্ঘন করে, তা হলে সংবিধান বিরোধী বলে সেই আইন বাতিল হয়ে যাবে। কাজেই বিচার বিভাগীয় পর্যালোচনার কোনো ক্ষমতা আদালতের হাতে তুলে না দিলেও, বাস্তবে বিচার বিভাগ সংবিধান বিরোধী আইন বাতিল করতে গিয়ে এবং সংবিধানের তৃতীয় অংশে বর্ণিত অধিকারগুলিকে রক্ষা করতে গিয়ে কার্যত Judicial Activism-কেই শক্তিশালী করে তোলে, সে বিষয়ে সন্দেহ নেই।

বিচার বিভাগীয় সক্রিয়তা প্রকাশ পায় দুই ধরনের মামলার মাধ্যমে। যথা—

[1] Public Interest Litigation বা জনস্বার্থমূলক মামলা: জনস্বার্থমূলক মামলায় কোনো একটি ব্যক্তির স্বার্থ সমন্বিত মামলার বিষয়বস্তু বিবেচ্য নয়, এর বিবেচ্য বিষয়বস্তু হল জনগণের স্বার্থ সমন্বিত বিষয়। এক্ষেত্রে প্রাক্তন বিচারপতি পি এন ভগবতী বলেছেন, জনস্বার্থ সমন্বিত মামলা আসলে আইনগত সাহায্যের দ্বারা পরিচালিত একটি আন্দোলনের কৌশল। নিপীড়িত মানুষের পাশে দাঁড়ানো ও তাদের জন্য ন্যায় প্রতিষ্ঠার দ্বারা তা বাস্তবায়িত হয়। অর্থাৎ Public Interest Litigation-এর উদ্দেশ্য হল অর্থ ও সহায় সম্বলহীন শোষিত মানুষের জন্য ন্যায়বিচারের দুয়ার খুলে দেওয়া। যদি কোনো ব্যক্তি চিঠির মাধ্যমে আদালতে জনস্বার্থ বিষয়ে আবেদন করে অথবা খবরের কাগজে প্রকাশিত কোনো খবরে যদি জনস্বার্থ বিষয়ক এরূপ কোনো খবর প্রকাশ করে যাতে মনে করা হয় যে জনস্বার্থ বিপন্ন হয়েছে তা হলে এ ধরনের মামলা হতে পারে।

[2] Social Action Litigation বা সামাজিক ক্রিয়ামূলক মামলা: সামাজিক ক্রিয়ামূলক মামলার দ্বারা জনসাধারণের সামাজিক স্বার্থ রক্ষার জন্য বিচারপতিরা নিজেসব উদ্যোগ নেয়। জনস্বার্থমূলক মামলা অপেক্ষা সামাজিক ক্রিয়ামূলক মামলার ব্যাপকতা উল্লেখযোগ্য। তবে অনেক জনস্বার্থমূলক মামলার সঙ্গে সামাজিক ক্রিয়া সম্পর্কিত মামলার কোনো পার্থক্য নেই। বিচার বিভাগীয় কর্ম পদ্ধতিতে সংস্কার সাধন করাই হল এর অন্যতম লক্ষ্য।

তাই বলা যায় যে, ভারতে সাম্প্রতিককালে বিচার বিভাগের অতি সক্রিয় হয়ে ওঠার অন্তরালে এই মামলা দুটির গুরুত্ব অস্বীকার করা যায় না।

সমালোচনা

উদারনৈতিক গণতন্ত্রে বিচার বিভাগ তার কাজের মধ্য দিয়ে গণতন্ত্রকেও রক্ষা করে। গণতন্ত্রকে রক্ষার জন্য বিচার বিভাগকে হতে হয় নিভীক ও নিরপেক্ষ। গণতন্ত্র সার্থক রূপ নিতে পারে যদি সরকারের তিনটি বিভাগই তাদের নিজ নিজ কাজ করতে সমর্থ হয়। বিচার বিভাগের সক্রিয়তার জন্যই মানুষ পায় নিরাপদ আশ্রয় এবং সামাজিক ন্যায়। সময়ের পরিবর্তন কখনো-কখনো সংবিধান সংশোধনের সঙ্গে সামঞ্জস্য নাও রাখতে পারে—কিন্তু বিচার বিভাগীয় সক্রিয়তা এর সঙ্গে সামঞ্জস্য বিধান করে নিপীড়িত এবং শোষিত মানুষের ভরসাযোগ্য হয়ে উঠেছে।

[1] **অবাস্থিত হস্তক্ষেপ:** তবে অনেক রাজনীতিবিদই এই বিচার বিভাগীয় সক্রিয়তাকে ভালো চোখে দেখেন না। কারণ রাজনীতিবিদগণ যে দেশের আইনের বা বিচারব্যবস্থা উর্ধ্ব নন, তা বিচার বিভাগীয় সক্রিয়তা প্রমাণ করে দিয়েছে। ক্ষুণ্ণ রাজনীতিবিদগণ তাই বিচার বিভাগীয় সক্রিয়তাকে মনে করেন আইন ও শাসন বিভাগীয় ক্ষমতার ওপর বিচার বিভাগের অবাস্থিত হস্তক্ষেপ। তাঁরা মনে করেন যে, বিচার বিভাগ নিয়ন্ত্রণ ও ভারসাম্যের নীতিকে উৎখাত করে তার কর্তৃত্ব প্রযুক্ত করতে বন্ধ পরিকর।

[2] **স্বৈরাচারিতার প্রভাব:** কেউ কেউ মনে করেন বিচার বিভাগীয় সক্রিয়তার আড়ালে আসলে বিচার বিভাগ স্বৈরাচারের রূপ নিচ্ছে। সরকারের কোনো বিভাগ নিজ এক্তিয়ার অতিক্রম করে যদি অন্য বিভাগের কাজে প্রবেশ করে তাহলে ক্ষতিগ্রস্ত বিভাগটি তার বিচারের জন্য আদালতের দ্বারস্থ হতে পারে। কিন্তু বিচার বিভাগ যদি তার কাজের পরিধি লঙ্ঘন করে তাহলে তার বিরুদ্ধে অভিযোগ জানাতে কার দ্বারস্থ হবে সে ব্যাপারে নির্দিষ্ট কোনো মত নেই। এর ফলে বিচার বিভাগ স্বৈরাচারী হয়ে পড়তে পারে।

তথাপি বলা যায় যে, যতদিন না আইন বিভাগ ও শাসন বিভাগ তার নিজ নিজ কাজের দ্বারা জনকল্যাণকে বাস্তবায়িত করবে ততদিন পর্যন্ত জনস্বার্থ মামলার প্রাবল্য থাকবে। আর জনস্বার্থ মামলার প্রাবল্য থাকলে বিচার বিভাগীয় সক্রিয়তার প্রাবল্য বাড়বে।